

স্মারক নং- ১২.২১.০০০০.০০৪.০৫.০০২.২২.১৭৪(১)

তারিখঃ ১৩-০৭-২০২২ খ্রি.

বিষয়ঃ সেবা ও সরবরাহ উইং, বারি, গাজীপুরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

গত ১৩/০৭/২০২২ খ্রি. তারিখ রোজ বুধবার দুপুর ১২.৩০ ঘটিকায় পরিচালক (সেবা ও সরবরাহ) মহোদয়ের অফিস কক্ষে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি ড. মোঃ কামরুল হাসান, পরিচালক (সেবা ও সরবরাহ), বারি, গাজীপুর।

সভায় কমিটির নিম্নলিখিত কর্মকর্তা/সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন


১. ড. মোঃ কামরুল হাসান, পরিচালক (সেবা ও সরবরাহ), বারি, গাজীপুর	- সভাপতি
২. ড. মোঃ শওকত আলী খান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বারি, গাজীপুর	- সদস্য
৩. জনাব কাজী ছাইদুর রহমান, বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর	- সদস্য
৪. জনাব মোঃ মাহমুদুল হাসান, সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন), বারি, গাজীপুর	- সদস্য
৫. জনাব মোঃ মেসবাহুল মিল্লাত, অডিট অফিসার, অর্থ ও হিসাব শাখা, বারি, গাজীপুর	- সদস্য-সচিব


আলোচনাঃ সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা (সংযোজনী-৪) বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। আলোচনার ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ০১. বিজ্ঞানী/কর্মকর্তা/কর্মচারীদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২টি প্রশিক্ষণের প্রথমটি ১৭/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে এবং অপর প্রশিক্ষণটি ১৯/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ০২. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রধান কার্যালয় ও বহিঃ কার্যালয়ের স্টেকহোল্ডারগণের সমন্বয়ে জুম প্ল্যাটফর্ম এ ২টি অবহিতকরণ সভার প্রথমটি ২৭/০৯/২০২২ খ্রি. তারিখ এবং দ্বিতীয়টি ০১/০৬/২০২৩ খ্রি. তারিখের মধ্যে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।


মোঃ মেসবাহুল মিল্লাত
অডিট অফিসার (অর্থ ও হিসাব শাখা)
ও
সদস্য-সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি


ড. মোঃ কামরুল হাসান
পরিচালক (সেবা ও সরবরাহ)
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

বিতরণঃ

- ১। পরিচালক (সেবা ও সরবরাহ), বারি, গাজীপুর
- ২। ড. মোঃ শওকত আলী খান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বারি, গাজীপুর
- ৩। জনাব কাজী ছাইদুর রহমান, বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর
- ৪। জনাব মোঃ মাহমুদুল হাসান, সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন), বারি, গাজীপুর
- ৫। জনাব মোঃ মেসবাহুল মিল্লাত, অডিট অফিসার, অর্থ ও হিসাব শাখা, বারি, গাজীপুর
- ৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
- ৭। সংশ্লিষ্ট নথি।